দৈনিক
আমাদের সময়

28 MAY 2017

বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সঙ্গে স্থানীয়দের সংঘর্ষ

অর্ধশত প্রতিষ্ঠান ভাঙচুর

বরিশাল প্রতিনিধি ●

বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) শিক্ষার্থীদের সঙ্গে স্থানীয় বাসিন্দাদের সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে উভয় পক্ষের কমপক্ষে ১৫ জন আহত হয়েছেন। ভাঙচুর করা হয়েছে স্থানীয়দের অর্ধশত ব্যবসা প্রতিষ্ঠান।

গত শুক্রবার রাত সাড়ে ৯টার দিকে বরিশাল সদর উপজেলার কর্ণকাঠি এলাকায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস-সংলগ্ন এলাকায় এ ঘটনা ঘটে।

সংঘর্ষে আহতদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের আট শিক্ষার্থীকে শের-ই-বাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

স্থানীয় সূত্র জানায়, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের সামনের দোকানে বসে বেশ কয়েকজন শিক্ষার্থী ধূমপান করছিলেন। এ সময় সেখানে এলাকার বেশ কয়েকজন গণ্যমান্য ব্যক্তি ছিলেন। তাদের পক্ষ থেকে স্থানীয় বাসিন্দা জয়, বাপ্পী ও সাফিন শিক্ষার্থীদের ধূমপান না করতে বলেন। এ নিয়ে উভয়পক্ষের মধ্যে বাদানুবাদ ও হাতাহাতি হয়।

এ খবর ক্যাম্পাসের ছাত্রাবাসগুলোয় ছড়িয়ে পড়লে কয়েকশ শিক্ষার্থী জড়ো হন সেখানে। এ সময় তারা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের সামনের মহাসড়ক অবরোধ করেন। এক পর্যায়ে সেখানকার প্রায় অর্ধশত দোকান ও খাবার হোটেল ভাঙচুর করেন শিক্ষার্থীরা। খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও পুলিশ সদস্যরা পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন।

তবে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা বলছেন, ইভটিজিংয়ের ঘটনাকে কেন্দ্র করে সংঘর্ষের সূত্রপাত হয়। তারা জানান, স্থানীয় বখাটে জয়, বাপ্পী ও সাফিন প্রায়ই বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের উত্ত্যক্ত করে। এ নিয়ে শিক্ষার্থীদের মধ্যে ক্ষোভ বিরাজ করছিল।

শুক্রবার দেখা হলে জয়কে বিষয়টি জিজ্ঞেস করেন কয়েকজন। তখন তাদের ওপর চড়াও হন জয়সহ অন্যরা।

এ খবর ক্যাম্পাস ও এর আশপাশের ছাত্রাবাসগুলোয় ছড়িয়ে পড়লে শিক্ষার্থীরা বের হয়ে এ ঘটনার প্রতিবাদ জানান। এতে ব্যবসায়ী ও স্থানীয়দের ইট-পাটকেলের আঘাতে কমপক্ষে ১০ শিক্ষার্থী আহত হন।

ব্যবসায়ী ও স্থানীয়দের দাবি, হামলার সময় তাদের দোকানে লুটপাট করা হয়েছে। একই সঙ্গে শিক্ষার্থীদের মারধরে তারা বেশ কয়েকজন আহতও হয়েছেন।

বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি এমএ কাইয়ুম বলেন, আগেও ইভটিজিংয়ের প্রতিবাদ করতে গিয়ে বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীরা হামলার শিকার হন। আবারও একই ঘটনা ঘটেছে। ব্যবসায়ীদের টাকা ও মালামাল লুট করেছে এমন অভিযোগ ভিত্তিহীন বলেও জানান তিনি।

বরিশাল মহানগর পুলিশের অতিরিক্ত উপকমিশনার মো. নাসির উদ্দিন বলেন, তুচ্ছ ঘটনার জেরে এ হামলা ও সংঘর্ষের ঘটনা ঘটে। মামলা করলে জড়িতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে জানান তিনি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.....
তারিখ.....
উপ-পরিসংখ্যান বিভাগ
ডি.এল.আই
সিস্টেম এনালিস্ট
সিস্টেম প্রোগ্রামার
প্রোগ্রামার
পি.এ.
অর্থ/হিসাব শাখা